নিশ্চিয় আল্লাহ আমাকে ভদ্র বান্দা করেছেন উদ্ধত ও হঠকারী করেন নি।

আব্দুল্লাহ ইবন বুসর রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর একটি পাত্র ছিল যাকে ‘গার্রা’ বলা হত, সেটাকে চারজন মানুষ ধরে তুলতো। একদা যখন চাশতের সময় হল ও তারা চাশতের সালাত পড়ল, তখন ঐ (বিশাল) পাত্রটি আনা হলো---অর্থাৎ তাতে ‘সারীদ’ (মাংস ও রুটির সংমিশ্রণে সু-স্বাদু খাদ্য) প্রস্তুত করার পর, লোকেরা তাতে জমায়েত হলো। লোকের পরিমাণ যখন বেশি হলো, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাঁটুর ভরে বসে পড়লেন। (এরূপ দেখে) জনৈক বেদুঈন বলল,
‘এ কেমন বসা?’ আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “নিশ্চয় আল্লাহ আমাকে ভদ্র বান্দা করেছেন উদ্ধত ও হৎকারী করেন নি।” তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “তোমরা পাত্রের এক ধার থেকে খাও। আর তার শীর্ষভাগ ছেড়ে দাও, সেখানে বরকত অবতীর্ণ হয়।”
[সহীহ] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ‘গার্রা’ নামক একটি পাত্র ছিল যার মধ্যে তিনি খেতেন। সেটাকে চারজন মানুষ ধরে তুলতো। একদা যখন তারা চাশতের সময়ে প্রবেশ করলেন এবং চাশতের সালাত পড়লেন, ঐ (বিশাল) পাত্রটি আনা হলো এবং তাতে রুটি রাখা হলো, তখন লোকেরা চতুষ্পার্শ্বে জমায়েত হলো। লোকের পরিমাণ যখন বেশি হলো এবং জায়গা সংকীর্ণ হলো, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর ভাইদের জায়গা প্রশস্ততা করার জন্য হাঁটুর ভরে বসে পড়লেন। তখন উপস্থিত জনৈক বেদুঈন বলল, ‘হে আল্লাহর রাসূল! এ কেমন বসা?’ কারণ এতে নম্রতা রয়েছে। তখন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, নিশ্চয় আল্লাহ আমাকে নবুওয়াত ও ইলমের মাধ্যমে ভদ্র (বিনয়ী) বান্দা করেছেন এবং উদ্ধত ও হৎকারী করেন নি। আর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) অহংকারী ও অন্যায্য ছিলেন না। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “তোমরা পাত্রের এক ধার থেকে খেতে থাক। আর তার শীর্ষভাগ ছেড়ে দাও, সেখানে বরকত অবতীর্ণ হবে। এরপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পাত্রের পার্শ থেকে খেতে নির্দেশ দিলেন, আর বর্ণনা করলেন যে, এটি খাদ্যে বরকত হওয়ার একটি মাধ্যম।

https://sunnah.global/hadeeth/bn/show/4946